

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
পরিকল্পনা শাখা-৩

নং ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৭.১৬-১১১

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
১৬ মে ২০১৭ খ্রিস্টাব্দ

প্রেরক: মোহাম্মদ রফিকুল ইসলাম  
সিনিয়র সহকারী প্রধান।

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।


বিষয়: “সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ অবমুক্তি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৪/০৫/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৭.১৬-৯৮ নং সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে ২০১৬-২০১৭ অর্থবছরের আর.এ.ডি.পি.তে সংস্থানকৃত জি.ও.বি. বরাদ্দ হতে নিম্নরূপে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/ ৪র্থ	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কোড ২৫৩১)	সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (কোড নং ৫০২৬)	অনুমোদিত	৩য় ও ৪র্থ কিস্তি	৮০৮৩.০০ লক্ষ (আশি কোটি তিরিশ লক্ষ টাকা)	৪৭১০.০০ লক্ষ (সাতচল্লিশ কোটি দশ লক্ষ টাকা)	১২৭৯৩.০০ লক্ষ (একশত সাতাশ কোটি তিরানব্বই লক্ষ) টাকা

- ক. এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং ২১, শিক্ষা মন্ত্রণালয় হিসাবের খাত ২৫/২৫৩১ হতে বহন করা হবে।
- খ. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-২০০৬ এবং PPR-২০০৮ সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শূন্য ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);
- ঘ. প্রকল্পটির অনুকূলে অবমুক্তকৃত অর্থ সর্বশেষ অনুমোদিত আর.ডি.পি.পি.র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় করতে হবে;
- ঙ. অব্যয়িত অর্থ (যদি থাকে) আগামী ৩০ জুন ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে;
- চ. ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরণের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। অর্থ বিভাগের ১৪/০৫/২০১৭ তারিখের অফিস স্মারক নং ০৭.০০.০০০০.১০২.০২০.০১৩.২০১৬-২২৬ এ প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এই আদেশ জারি করা হলো।

  
২৬/৫/২০১৭  
(মোহাম্মদ রফিকুল ইসলাম)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন: ৯৫৪০৬১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (১ম সংশোধিত), শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।